# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

শিক্ষণীয় বিষয়সমূহ -১২ (العبر ـ١٢)

(১) সংস্কার আন্দোলনে অগ্রগতির জন্য শক্তিশালী ও সাহসী পুরুষের অংশগ্রহণ নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ। ইসলামী আন্দোলনে এজন্য আল্লাহর বিশেষ রহমত প্রয়োজন হয়। হামযা ও ওমরের ইসলাম গ্রহণ ছিল রাসূল (ছাঃ)-এর দো‘আ ও আল্লাহর বিশেষ রহমতের প্রতিফলন।

(২) মানুষের ইচ্ছার বাইরে আল্লাহর ইচ্ছাই যে বাস্তবায়িত হয়, হামযা ও ওমরের ইসলাম গ্রহণ তার বাস্তব প্রমাণ। তাদের দু’জনের কেউই ইসলাম গ্রহণের জন্য বের হননি। ঘটনাক্রমে দু’জনেই আকস্মিকভাবে মুসলমান হয়ে যান।

(৩) দল শক্তিশালী হ’লে বিরোধিতাও শক্তিশালী হবে এবং মূল নেতার উপরে চূড়ান্ত হামলা হবে- এটা সর্বদা উপলব্ধি করতে হবে দলের সহযোগী নেতৃবৃন্দকে। আবু তালিবের দূরদর্শী সিদ্ধান্তে আমরা সেটাই দেখতে পাই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5275

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন